

ভারতের আকাশে এবার উড়বে জুম এয়ারলাইন্সের উড়োজাহাজ

- A Monitor Desk Report

Date: 17 September, 2023



এবার আসছে জুম এয়ারলাইন্স। নয়াদিল্লির গুরুগ্রামের এই উড়োজাহাজ সংস্থা এয়ার অপারেটর সার্টিফিকেট পেয়েছে। মিলেছে ভারতের ডিরেক্টরেট জেনারেল অব সিভিল এভিয়েশনের সার্টিফিকেটও। এর ফলে জুম এয়ারলাইন্স বাণিজ্যিকভাবে উড়োজাহাজ চালাতে পারবে।

জুম এয়ারলাইন্সের সিইও অতুল গম্ভীর একটি বিবৃতিতে জানিয়েছেন, এয়ার অপারেটর সার্টিফিকেট যাত্রীদের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই রকম মাইলস্টোনে পৌঁছানোর ক্ষেত্রে আমরা আমাদের টিমের কাছে কৃতজ্ঞ। আমরা যাত্রীদের সর্বোচ্চ পরিষেবা দিতে চাইছি।

তিনি আরও জানিয়েছেন, আমাদের সিআরজে ২০০ উড়োজাহাজটি আপাতত ডোমেস্টিক ফ্লাইট হিসেবে পরিচালিত হবে। যেভাবে ডোমেস্টিক যাত্রী সংখ্যা বাড়ছে তাতে আমাদের সংস্থা তাদের প্রয়োজনীয় পরিষেবা দিতে পারবে।

আরও পড়ুন: [যুক্তরাষ্ট্রের বিমানবন্দরে যাত্রীর লাগেজ থেকে ডলার চুরি](#)

অতুল গম্ভীর জানান, জুম এয়ারলাইন্স যাত্রীদের অন্যরকম একটা অভিজ্ঞতা দেবে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। নতুন কিছু বুট, অভিনব কিছু অভিজ্ঞতা যাতে যাত্রীদের হয় সেটা দেখছে এই উড়োজাহাজ সংস্থা।

উল্লেখ্য, কোভিডের আগে কিছুটা ভিন্ন নামে চলত জুম এয়ারলাইন্স। কিন্তু ২০২০ সালে সেটা বন্ধ হয়ে যায়।